

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, চট্টগ্রাম।

প্রচার পত্র নং- ০৭/২০২৪

তারিখঃ- ২৩/০১/২০২৪ খ্রিঃ।


সম্মানিত সদস্যদের প্রতি,

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক যৌথভাবে বন্দর অভ্যন্তরে পরিচালিত টেম্পো টোকেন ফি ১লা অক্টোবর ১৯৯২ খ্রিঃ হতে নতুন নিয়ম-নীতিতে আদায় হয়ে আসছে। এতদ্বিষয়ে অত্র এসোসিয়েশনের প্রচার পত্র নং ৭৬/৯২ তারিখ ১৩/৯/৯২ খ্রিঃ ও ৭৭/৯২ (বিঃ দ্রঃ-১) তারিখঃ ১৯/৯/৯২ খ্রিঃ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। টেম্পো টোকেন ফি আদায়ে প্রবর্তিত নিয়ম অনুযায়ী আপনাদের সহযোগিতা কামনায় বিভিন্ন সময়ে গৃহিত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়েছে তা নিম্নরূপঃ-

- ১। প্রতিটি জেটি সরকার লাইসেন্সের বিপরীতে টেম্পো টোকেন গ্রহণ বাধ্যতামূলক।
- ২। প্রতি বৎসর ২৮শে ফেব্রুয়ারী ( অধি বর্ষ হইলে ২৯শে ফেব্রুয়ারী) মধ্যে উক্ত সালের টেম্পো টোকেন নবায়ন/সংগ্রহ করতে হবে। এই ক্ষেত্রে কাস্টম এজেন্সী বুকলেট/কাস্টম সরকার লাইসেন্স নবায়নের অপেক্ষায় থাকলে উক্ত শর্ত আরোপিত হবে না।
- ৩। কোন জেটি সরকার লাইসেন্সের পূর্ববর্তী বৎসরের টোকেন ফি বকেয়া থাকলে তা চলতি সাল পর্যন্ত আদায়যোগ্য। নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ার পর ( ২৮শে ফেব্রুয়ারী অধি বর্ষ হইলে ২৯শে ফেব্রুয়ারী) জেটি সরকার লাইসেন্স কর্তৃপক্ষ কর্তৃক বাতিল করা হলে উক্ত লাইসেন্সের হালনাগাদ বকেয়াসহ টোকেন ফি আদায়যোগ্য। জেটি সরকার লাইসেন্স যখনই বাতিল হউক না কেন উক্ত লাইসেন্সের বকেয়া থাকলে অবশ্যই ফি আদায়যোগ্য।
- ৪। ২৬/০২/০২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত নির্বাহী পরিষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী জেটি সরকার লাইসেন্স লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক নবায়নের ১ (এক) মাসের মধ্যে টেম্পো টোকেন নবায়ন না করলে প্রতিটি টেম্পো টোকেন নবায়নের ক্ষেত্রে ১০০/- ( একশত) টাকা বিলম্ব ফি পরিশোধ করতে হবে।
- ৫। নতুন এজেন্সী লাইসেন্স/কাস্টম সরকার লাইসেন্স এর বিপরীতে জেটি সরকার লাইসেন্স ইস্যু হলে সে ক্ষেত্রে টেম্পো টোকেনের জন্য কোনরূপ জরিমানা আদায়যোগ্য নয়।
- ৬। বাতিলকৃত জেটি সরকার লাইসেন্সের পরিবর্তে অন্য প্রতিষ্ঠানের নামে নতুন জেটি সরকার লাইসেন্স ইস্যু করা হলে সেক্ষেত্রে বাতিলকৃত জেটি সরকার লাইসেন্সের টোকেন ফি বকেয়া থাকলে উক্ত বকেয়াসহ ২০২৩ সাল পর্যন্ত আদায়যোগ্য। উল্লেখ্য এক প্রতিষ্ঠানের ইস্যুকৃত টোকেন অন্য প্রতিষ্ঠানে ব্যবহার করা যাবে না। প্রতিষ্ঠান পরিবর্তন করলে পুনরায় টোকেন গ্রহণ বাধ্যতামূলক। নতুন জেটি সরকার লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে ১নং বিধান প্রযোজ্য হবে।

(২)

- ৭। প্রযোজ্য ক্ষেত্রে টেম্পো টোকেন বকেয়া ফি ১৯৮৮ সাল হতে আদায়যোগ্য।
- ৮। যে কোন সম্মানিত সদস্য/সদস্যা লিখিতভাবে অনুরোধ জানিয়ে টেম্পো টোকেন ফি জমা দিয়া জেটি সরকার লাইসেন্স ব্যতীত সহকারী জেটি সরকার এবং সংশ্লিষ্ট কর্মচারীর জন্যও টেম্পো টোকেন সংগ্রহ করতে পারবেন। তবে মেয়াদান্তে অথবা প্রয়োজন না থাকলে গৃহিত টেম্পো টোকেন ফেরত প্রদান করতে হবে।
- ৯। (ক) বিনা টোকেন/অনবায়নকৃত টোকেনে টেম্পো সার্ভিসের সুবিধা গ্রহণ করা যাবে না।  
(খ) টেম্পো টোকেন হস্তান্তর অযোগ্য।  
(গ) মেয়াদ শেষে বা প্রয়োজন না থাকলে টেম্পো টোকেন ফেরত প্রদান করতে হবে। এর ব্যতিক্রম ঘটলে চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, বন্দর কর্তৃপক্ষ এবং সি এন্ড এফ কর্মচারী ইউনিয়নের প্রতিনিধি সমন্বয়ে গঠিত মোবাইল উপ-কমিটি কর্তৃক ধার্যকৃত দস্ত ফি আদায়যোগ্য এবং তা টেম্পো পরিচালনা ফাণ্ডে জমা হবে।
- ১০। টেম্পো টোকেন ফি যে মাসে ব্যাংকে জমা প্রদান করা হবে সে মাসে অবশ্যই টেম্পো টোকেন সংগ্রহ/নবায়ন করতে হবে ক্ষেত্র বিশেষ টোকেন সংগ্রহ করা সম্ভব না হলে ব্যাংকের জমা রশিদ টেম্পো পরিচালনা দপ্তরে জমা পূর্বক পরবর্তীতে টোকেন সংগ্রহ করা যাবে।
- ১১। বিগত ২০/০৯/২০২১ইং তারিখে অনুষ্ঠিত এসোসিয়েশনের ৩৪তম বার্ষিক সাধারণ সভায় টেম্পো টোকেন গ্রহন/নবায়ন বাবদ ৫(পাঁচ) বছরের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) নির্ধারণ করা হয়েছে। উক্ত হার ২০২১ সাল হতে কার্যকর ও আদায়যোগ্য।
- ১২। যে সকল এজেন্সী/লাইসেন্স মহামান্য আদালতে মামলা বিচারাধীন সে সকল জেটি সরকার লাইসেন্সেরও টেম্পো টোকেন প্রচলিত নিয়মে গ্রহন করতে হবে।
- ১৩। বিগত ৩০/০৩/২০১১ ইং তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী পরিষদের ৫৯তম সভায় অত্র এসোসিয়েশনের সদস্য সি এন্ড এফ এজেন্ট এর শুধুমাত্র মালিকগণের টেম্পো টোকেন গ্রহণ বাধ্য বাধ্যকতা শিথিল করা হয়েছে। উক্ত সিদ্ধান্ত মোতাবেক সদস্য সি এন্ড এফ এজেন্টের মালিক/অংশিদার/পরিচালকবৃন্দের জেটি লাইসেন্স নবায়নকালে ২০১১ইং সাল হইতে টেম্পো টোকেন ফি প্রযোজ্য হবে না।

  
কাজী সাহমুদ ইমাম (বিলু)  
সাধারণ সম্পাদক